

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০২০.০০.০০.১৭৬৬.২০১৮-৩৬৮

তারিখ : ০০/০২/২০১৯ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধানমন্ত্রীর কার্যালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৮-১৯ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন “যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ” উপ-খাতের আওতায় নিম্নলিখিত জেলার আওতাধীন উপজেলাসমূহে গৃহহীনদের জন্য ১৮৭৮ টি গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আমি নিম্নলিখিত জেলার সংশ্লিষ্ট উপজেলার “যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ” উপ-খাতের আওতায় মোট ১৮৭৮টি গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ইউনিয়নওয়ারী নিম্নরূপভাবে ১৮,৭৮,০০,০০০.০০ (আঠার কোটি আটাত্তর লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি -

ক্রঃ নং	জেলা	উপজেলা	অনুমোদিত ঘরের সংখ্যা	বরাদ্দকৃত টাকার পরিমাণ (প্রতিটি ঘর ১ লক্ষ টাকা হিসেবে)
১	ঢাকা	দোহার	২৭	২৭০০০০০.০০
২	ঢাকা	সাতার	৩০০	৩০০০০০০.০০
৩	ঢাকা	ধামরাই	২০৪	২০৪০০০০০.০০
৪	ঢাকা	কেরানীগঞ্জ	১৪৪	১৪৪০০০০০.০০
৫	ঢাকা	নবাবগঞ্জ	১৬৮	১৬৮০০০০০.০০
৬	মাদারীপুর	শিবচর	২০৯	২০৯০০০০০.০০
৭	মাদারীপুর	সদর	১৩০	১৩০০০০০০.০০
৮	শরীয়তপুর	নড়িয়া	১৫	১৫০০০০০.০০
৯	শরীয়তপুর	ডামুড্যা	১৭৫	১৭৫০০০০০.০০
১০	শরীয়তপুর	গোসাইরহাট	৭৮	৭৮০০০০০.০০
১১	শরীয়তপুর	ভেদরগঞ্জ	৭০	৭০০০০০০.০০
১২	কিশোরগঞ্জ	পাকুন্দিয়া	৭০	৭০০০০০০.০০
১৩	কিশোরগঞ্জ	কুলিয়ারচর	৩৫	৩৫০০০০০.০০
১৪	কিশোরগঞ্জ	ইটনা	১১৭	১১৭০০০০০.০০
১৫	কিশোরগঞ্জ	অস্টগ্রাম	১১	১১০০০০০.০০
১৬	কিশোরগঞ্জ	কটিয়াদি	৩৭	৩৭০০০০০.০০
১৭	গাজীপুর	কালীগঞ্জ	৫৩	৫৩০০০০০.০০
১৮	গাজীপুর	শ্রীপুর	৩৫	৩৫০০০০০.০০
		মোট	১৮৭৮	১৮৭৮০০০০০.০০

কথায়- আঠার কোটি আটাত্তর লক্ষ টাকা মাত্র

২। প্রেরিত তালিকা এবং উপজেলার সকল ইউনিয়ন হতে সমহারে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে উপকারভেীদের ঘর নির্মাণ করে দিতে হবে।

৩। তালিকাভুক্ত উপকারভোগীদের যাদের ০১-১০ শতাংশ জমি আছে, কিন্তু ঘর নেই বা ঘর থাকলেও তা বসবাসের অনুপযোগী এ বিষয়ে নিশ্চিত হয়ে উপজেলা নির্বাহী অফিসার অর্থ ছাড় করবেন।

৪। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৬.২০১৯ ইং তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। উল্লেখ্য যে, উপকারভোগীর সাথে পরামর্শ করে মূল কাঠামো পরিবর্তন না করে দরজা, জানালা এবং সুবিধাজনক স্থানে স্থানান্তর করা যেতে পারে।

৫। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাঙ্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৬। উপজেলা নির্বাহী অফিসার এর সভাপতিত্বে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) এর মাধ্যমে ইতোমধ্যে প্রেরিত “যার জমি আছে ঘর নাই, তার নিজ জমিতে গৃহ নির্মাণ” নীতিমালা অনুযায়ী গঠিত কমিটি (পিআইসি) দ্বারা নির্মাণ কাজ বাস্তবায়ন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার বরাদ্দকৃত অর্থ যার জমি আছে ঘর নাই বিষয়টি নিশ্চিত হয়ে অর্থ ব্যয় করবেন।

৭। সংশ্লিষ্ট উপজেলাধীন পৌরসভা/ইউনিয়নের জনসংখ্যা ও দারিদ্রের হার ও ইতোপূর্বে বরাদ্দকৃত ঘর বিবেচনাপূর্বক বর্তমান প্রাপ্ত বরাদ্দ পৌরসভা/ইউনিয়নভিত্তিক পুনঃবন্টন করবেন।

৮। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে অত্র দপ্তরে পৌছানো নিশ্চিত করবেন।

৯। এই ব্যয় ৪১১১ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৪১১১১০১-“যার জমি আছে ঘর নাই সেক্ষেত্রে সিজিআইসীট ঘর নির্মাণ” উপ-খাতে ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হইতে নির্বাহ করা হবে।

১০। এই ব্যয় ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-৪১১১১০১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

১১। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৯ এর পূর্বে চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১২। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪ খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১৩। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত “emboss” সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

Download (Click)

Estimate & Design (Owner's Land)

আপনার বিশ্বস্ত

(আবুল কালাম শামসুদ্দিন)

প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)

ফোন : ৯১২৪১০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার, -----।

২। জেলা প্রশাসক, -----।

৩। উপজেলা নির্বাহী অফিসার, -----, -----।

৪। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----, ------(বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।

৫। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, -----, -----।

৬। প্রকল্প নথি/অফিস কপি।